রাহুলদের জয়ে ট্র্যাজিক নায়ক হোল্ডার

শারজা, ২৫ সেপ্টেম্বর : দুই লাস্টবয়ের লড়াই। ব্যাটে-বলে জেসন হোল্ডারের দাপটের পরও সানরাইজার্স হায়দরাবাদে সূর্যোদয় হল না। ৫ রানে জিতে লিগ টেবিলে পাঁচে উঠল পাঞ্জাব কিংস।

শেষ ম্যাচে ফাইনাল ওভারের হারাকিরির পর পাঞ্জাব শরণাপন্ন হয়েছিল ইউনিভার্স বসের। কিন্তু সেই ভরসার মর্যাদা রাখতে পারলেন না ক্রিস গেইল। ১৭ বলে ১৪ রান করে তিনি শিকার হয়ে যান রশিদ খানের (১৭/১)।

হোল্ডার, সন্দীপ শর্মাদের (২০/১) নিয়ন্ত্রিত বোলিংয়ের সঙ্গে দুর্দান্ত ক্যাচিং। বিশেষ করে পরিবর্ত ফিল্ডার জগদীশ সুচিথের নেওয়া দীপক হুডার (১৩) ক্যাচটি ছিল অসাধারণ। শুরুতে লোকেশ রাহুল (২১) ও মিডল অর্ডারে আইডেন মার্করাম (২৭) ছাড়া আর কেউ কুড়ির গণ্ডি পেরোতে পারেননি। রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে হেরে গেলেও ওপেনিংয়ে শতরানের পার্টনারশিপ গড়েছিলেন রাহুল-মায়াঙ্ক আগরওয়াল। এদিন অবশ্য পঞ্চম ওভারেই দুইজনকে তুলে নেন হোল্ডার (১৯/৩)। মাঝের ওভারে রশিদের দাপট সামলে এরপর আর

ব্যাটে-বলে দাপট দেখিয়েও সানরাইজার্সকে জেতাতে পারলেন না জেসন হোল্ডার।

কোন চ্যালেঞ্জ ছুঁড়ে দিতে পারেননি নিকোলাস পুরান (৮), মার্করামরা। শেষদিকে হরপ্রীত ব্রারের (অপরাজিত ১৮) লড়াইয়ে তারা ৭ উইকেটে ১২৫ রানে পৌঁছায়।

আগুনে পেসে পালটা জবাব দিয়েছেন মহম্মদ সামিও। তিন ওভারের মধ্যেই তিনি সানরাইজার্স ব্যাটিংয়ের দুই ভরসা ডেভিড ওয়ার্নার (২) ও কেন উইলিয়ামসনকে (১) তুলে নেন। ধাক্কা সামাল দিতে অতিরিক্ত সাবধানি হয়ে পড়েছিলেন ঋদ্ধিমান সাহা (৩৭ বলে ৩১)। সতেরো ওভার পর্যন্ত তিনি ক্রিজে থাকলেও একটির বেশি বাউন্ডারি মারতে পারেননি। তারপরও সানরাইজার্স শিবিরে জয়ের আশা জাগিয়ে তুলেছিলেন হোল্ডার। ২৯ বলে অপরাজিত ৪৭ রানের ইনিংসের পরও উলটোদিক থেকে সতীর্থদের সাহায্য না পাওয়ায় তিনি জয় এনে দিতে পারেননি। হায়দরাবাদ আটকে যায় ১২০/৭ স্কোরে।

সংক্ষিপ্ত স্কোর ঃ পাঞ্জাব কিংস- ১২৫/৭ (মার্করাম ২৭, রাহুল ২১, গেইল ১৪, হোল্ডার ১৯/৩, রশিদ ১৭/১) সানরাইজার্স হায়দরাবাদ- ১২০/৭ (হোল্ডার ৩৭, ঋদ্ধি ৩১, বিষ্ণোই ২৪/৩, সামি ১৪/২)।

সেরা তেলিপাড়া

বানারহাট, ২৫ সেপ্টেম্বর : পলাশবাড়ি চা বাগানের সেন্ট্রাল ডুয়ার্স ক্লাবের বুঝারত খান ও মিন্টু ওরাওঁ ট্রফি ফুটবলে চ্যাম্পিয়ন হল তেলিপাড়া টিএফএ। শনিবার ফাইনালে তারা ১-০ গোলে নিউ ডুয়ার্স ডিভিশনকে হারিয়েছে। গোল করেন ফাইনালের সেরা অখিলেশ গুড়িয়া। সর্বোচ্চ গোলদাতার পুরস্কারও তিনি পেয়েছেন। প্রতিযোগিতার সেরা নিউ ডুয়ার্সের জেভিয়ার কুজুর। সেরা গোলরক্ষক তেলিপাড়ার সন্দীপ মিঞ্জ।

জিতল শিলিগুড়ি

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৫ সেপ্টেম্বর : ১৭ দলীয় জিগমে দোরজি ভুটিয়া ট্রফি ফুটবলে শনিবার শিলিগুড়ি ভেটারেন্স প্লেয়ার্স অ্যাসোসিয়েশন ২-১ গোলে হারিয়েছে দার্জিলিংকে। লেবংয়ের মাঠে শিলিগুড়ির দিলীপ সিং ও সুরজিৎ বিশ্বাস গোল করেন। সোমবার শিলিগুড়ি খেলবে হিল স্টোন এফসি-র সঙ্গে।

9733665613, 9609108106,
ADMISSION -2021
9734250001, 8145736154
B.Sc Nursing, GNM , ANM,
BMLT, DMLT, B.Pharm, D. Pharm, BPT,
DPT, BOTT, DOTT, BRIT, DRIT, BOPT, DOPT etc.
(Eligibility :- Class -12 Sc/Arts)
BAGDOGRA PARAMEDICAL INSTITUTE
REGIONAL CENTER
SINGHANIA UNIVERSITY
AFFILIATED UNDER Sec.2 (f) of UGC ACT, 1956, Govt. Of India
REGISTERED WITH WEST BENGAL STUDENT CREDIT CARD SCHEME
& MBBS in RUSSIA
E-mail : bagdograparamedical@gmail.com
Office :- Upper Bagdogra- 734014, Darjeeling, W.B.
Website:- www.bagdograparamedicalinstitute.com

আপনি আপনার সেক্স (SEX) সমস্যা বা অন্য কোন রকম শারিরীক গোপন সমস্যাকে অবহেলা করছেন না তো?
যৌন সমস্যা
লিঙ্গ শিথিলতা
সহবাসে অক্ষমতা
শীঘ্রপতন
স্বল্প খরচে, অল্প সময়ে অত্যাধুনিক উপায়ে অভিজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা করা হয়।
এছাড়াও পাইলস, ফিসচুলা, বন্ধ্যাত্ব, গ্যাস্ট্রিক, ব্রন, বাত, শ্বাসকষ্ট, হাঁপানী, শ্বেতী, সোরাইসিস, যে কোনো নেশা ও মহিলাদের স্রাবজনিত সমস্যার পূর্ন আরোগ্যের নিশ্চয়তা।
হতাশাগ্রস্ত না হয়ে আসুন ১০০% পার্শ্বপ্রতিক্রিয়া মুক্ত হারবাল চিকিৎসা কেন্দ্রে
আরোগ্য হারবাল ক্লিনিক
শিলিগুড়ি বিধান মার্কেট, মুর্গিহাটির পাশে, সিকিম হোটেলের বিপরীতে, এম ডি রোড
ফোন ঃ 95474 67472
সুপার স্পেশালিটি হারবাল চিকিৎসাকেন্দ্র প্রত্যহ সকাল ১০টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত খোলা।
(সঠিক নাম এবং সাইন বোর্ড দেখে আসবেন) আসার আগে ফোনে অবশ্যই যোগাযোগ করে আসবেন।

ভালো ফিগার
স্মার্ট লুক
গ্রিন টি, দারুচিনি, তুলসী, গারসিনিয়া কম্বোজিয়া, আনারস, গারসিনিয়া ইন্ডিকা এবং শুকনো আদার মতো ১৫টি আয়ুর্বেদিক জড়িবুটির নির্যাস দ্বারা তৈরি।
JOLLY
FAT-GO
ক্যাপসুল এবং মালিশ তেল
শরীরের বিপাক ক্রিয়া বৃদ্ধি করে এবং এর প্রভাব লক্ষণীয়
নামের মতোই কাজ
সমস্ত মেডিকেল স্টোরে উপলব্ধ ✆ 0161-520-1539

ইপিএলে হারের স্বাদ রোনাল্ডোর

এতদিনে টুচেলকে হারালেন গুয়ার্দিওলা

Premier League

ম্যাঞ্চেস্টার, ২৫ সেপ্টেম্বর : শনিবার বিকেলে ইংলিশ প্রিমিয়ার লিগের তিন বড় শক্তি-ম্যাঞ্চেস্টার সিটি, চেলসি, ম্যাঞ্চেস্টার ইউনাইটেড একই সময়ে মাঠে নেমেছিল। কিন্তু কেউই দর্শকদের মন ভরাতে পারেনি। পেপ গুয়ার্দিওলার ম্যান সিটি কোনওক্রমে ১-০ গোলে চেলসির বিরুদ্ধে জিতেছে। টমাস টুচেল চেলসির দায়িত্ব নেওয়ার পর এই প্রথমবার ব্লুজদের হারাতে সক্ষম হল গুয়ার্দিওলার ছেলেরা। অন্যদিকে, অ্যাস্টন ভিলার বিরুদ্ধে ওল্ড ট্র্যাফোর্ডে ১-০ গোলে হারল লাল ম্যাঞ্চেস্টার। এবারের ইপিএলে এটাই তাদের প্রথম হার।চেলসি-ম্যান সিটির ম্যাচ চোখকে আরাম দেয়নি। দুই দলই একাধিক সুযোগ নষ্ট করেছে। ৫৩ মিনিটে গ্যাব্রিয়েল জেসুসের গোল সিটির ৩ পয়েন্ট নিশ্চিত করে। চ্যাম্পিয়ন্স লিগে মঙ্গলবার প্যারিস সাঁ জাঁ-র বিরুদ্ধে নামবে সিটি। তার আগে কেভিন ডি ব্রুয়েনদের পারফরমেন্স চিন্তায় রাখবে গুয়ার্দিওলাকে।

বৃহস্পতিবার লিগ কাপে দ্বিতীয়সারির দল নামিয়ে হেরে গিয়েছিল ওলে গানার সোলসায়ার ব্রিগেড। এদিন অবশ্য ক্রিশ্চিয়ানো রোনাল্ডো, ব্রুনো ফার্নান্ডেজরা পুরো সময় মাঠে ছিলেন। তারপরও হারতে হল। বারবার অ্যাটাকিং থার্ডে গিয়ে খেই হারিয়ে ফেলেছেন রোনাল্ডোরা। ৮৮ মিনিটে কোর্টনি হসের গোলে পিছিয়ে পড়ে ইউনাইটেড। তবে ড্র করার সুযোগ পেয়েছিল ওলে ব্রিগেড। কিন্তু দ্বিতীয়ার্ধের অতিরিক্ত সময়ে ব্রুনো পেনাল্টি বাইরে মারেন। হারের সঙ্গে দুই ডিফেন্ডার লিউক শ ও হ্যারি ম্যাগুয়েরের চোট পেয়ে বেরিয়ে যাওয়া ওলেকে চিন্তায় রাখবে।

অন্যদিকে, লিভারপুল ৩-৩ গোলে ড্র করেছে ব্রেন্টফোর্ডের সঙ্গে। লিভারপুলের দিয়োগো জোটা, মহম্মদ সালাহ ও কার্টিস জোনস গোল করেন। ব্রেন্টফোর্ডের স্কোরার এথান পিননক, ভিতালি জানেট, ইয়োন ওয়াইসা।

মেসি অনিশ্চিত : লিগ ওয়ানে শনিবার রাতে মঁপেলির বিরুদ্ধে নামতে পারলেন না লিওনেল মেসি। হাঁটুর চোটে তিনি এতটাই কাবু যে চ্যাম্পিয়ন্স লিগে ২৯ সেপ্টেম্বর ম্যান সিটির বিরুদ্ধে নামাও অনিশ্চিত পিএসজি তারকার।

উত্তরের খেলা

জয়ী ওদলাবাড়ি

লাটাগুড়ি, ২৫ সেপ্টেম্বর : লাইফ কেয়ার সোশ্যাল ওয়েলফেয়ার অর্গানাইজেশনের ফুটবলে শনিবার ওদলবাড়ি কালীমন্দির টাইব্রেকারে ৬-৫ গোলে রহমতটারি যুব পল্লি সংঘকে হারিয়েছে। নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। সোমবার খেলবে বাতাবাড়ি ফিনিক্স ও পাহাড়পুর যুব সংঘ।

সেমিতে জয়গাঁ

ধূপগুড়ি, ২৫ সেপ্টেম্বর : ধূপগুড়ি ফুটবল ক্লাবের ৮ দলীয় ফুটবল শনিবার শুরু হল। উদ্বোধনী ম্যাচে জয়গাঁ এফসি টাইব্রেকারে ৩-১ গোলে হলদিবাড়ি ফ্রেন্ডস জোনকে হারিয়ে সেমিফাইনালে উঠেছে। পৌর ফুটবল মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ম্যাচের সেরা ফ্রেন্ডসের অভিজিৎ রায়।

রামধনুর ড্র

জলপাইগুড়ি, ২৫ সেপ্টেম্বর : জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ফুটবলে শনিবার স্পোর্টস জোন ও রামধনু স্পোর্টিং অ্যান্ড কালচারাল ক্লাবের ম্যাচ গোলশূন্য ড্র হয়েছে। ম্যাচটি হয়েছে এবিপিসি মাঠে।

হ্যাটট্রিক রুবেলের

ফাঁসিদেওয়া, ২৫ সেপ্টেম্বর : সবার সাথে, সবার পাশে ওয়েলফেয়ার সোসাইটির ফুটবলে শনিবার বিটু টিম ৬-০ গোলে বণিকজোতকে হারিয়েছে। চটহাট হাইস্কুলের মাঠে মহম্মদ রুবেল হ্যাটট্রিক করেন। তাদের বাকি গোলগুলি টুবাই রায়, দিলীপ সোরেন ও দীপঙ্কর রায়ের। রবিবার খেলবে চোচপাড়া শান্তি ক্লাব ও বখরাগছ নবীন সংঘ।

ফাইনালে ফোনিক্স

মালবাজার, ২৫ সেপ্টেম্বর : নেপুচাপুর ভাই ভাই ক্লাবের রামপূজন প্রসাদ ও সীতারাম ওরাওঁ ট্রফি ফুটবলে ফাইনালে উঠল বাতাবাড়ির ফোনিক্স। শনিবার দ্বিতীয় সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৫-৪ গোলে গুয়াবাড়ির মোফাজ একাদশকে হারিয়েছে। নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ফাইনাল ৭ অক্টোবর।

ফাইনালে ধূপগুড়ি

ময়নাগুড়ি, ২৫ সেপ্টেম্বর : ভুজারিপাড়া ফুটবল ইউনিটের ফুটবলে ফাইনালে উঠল ধূপগুড়ি একাদশ। শনিবার প্রথম সেমিফাইনালে তারা ২-০ গোলে মালবাজার একাদশকে হারিয়েছে। গোল করেন রাশেদ আলম ও লিঙ্কন দাস। রবিবার দ্বিতীয় সেমিফাইনালে আয়োজকদের বিরুদ্ধে খেলবে মালহাটি চা বাগান।

দাদ, হাজা ও চুলকানির উপশমে প্রাকৃতিক সমাধান
New Sovodex ANTI RINGWORM OINTMENT
Free from Irritation
Fast Relief from Ringworm, Itches, Eczema and Cold cracks
Ayurvedic Proprietary Medicine For External Use Only
ব্যস একটু সোভডেক্স™
Mfd. by N. C. P. WORKS (SOVOLIN),
HELPLINE: 9830130050

SILIGURI INSTITUTE OF TECHNOLOGY
A unit of Techno India Group
Sukna, Siliguri, Dist. Darjeeling
Avail Student Credit Card Facility of Govt of WB for all courses.
ADMISSION 2021
9434527272 / 7477660427 / 7477847452
Approved by AICTE & Affiliated to MAKAUT and
WB State Council of Tech. & Vocational Education and Skill Development *
B.Tech. (4 Yrs.) / B.Tech-Lateral (3 Yrs.)
IT | CSE | ECE | EE | CE
SPOT ADMISSION
MCA | MBA | B.HMCT
Affiliated to MAKAUT
BBA
BCA
BHHA
B.Sc. in Hospitality & Hotel Admin.
BBA-HM
BBA (Hospital Management)
BTTM
(Travel & Tourism Management)
Diploma CE | EE | CST | Electronics & Tele Comm. Engg.
Few of our Recruiters
Microsoft, Johnson, McAfee, intel, TVS, Informatica, Directi, Deloitte, Altimetrik, amazon, virtusa, wipro, INGRAM, BYJU'S, HITACHI Inspire the Next, TATA COMMUNICATIONS, CGI, zomato, L&T Infotech, Capgemini, BOSCH, ThoughtWorks, HYUNDAI, PERSISTENT, ITC INFOTECH, ZenSar, SAP, Simplex, Cognizant, Infosys, JOHN DEERE, JUNIPER
and many more ...
All admissions will be made as per guidelines of the Higher Education Dept., Govt. of West Bengal.
Online Registration
www.sittechno.org

R.S
www.rbjslg.com
মাতিয়ে সকল মন
আমাদের
শুভ উদ্বোধন
স্বপ্ন ও ভালোবাসার সঙ্গে
রত্ন ভাণ্ডার জুয়েলার্স,
মালবাজারের নূতন শোরুমের উদ্বোধনী অনুষ্ঠানে আপনাদের উপস্থিতি আমাদের ৪৪ তম বছরের এই আনন্দকে আরও একত্রিত করে তুলবে
উত্তরবঙ্গে প্রথম ও বর্তমানে সর্ব্বোত্তম গ্রহরত্নের বিশ্বস্ত প্রতিষ্ঠান
RATNA BHANDAR
Jewellers
Malbazar (Opp. SDO Office)
8695913720

সম্পাদক : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী : মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন : ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স : ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস : থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ : ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন : ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস)। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২, সার্কুলেশন : ৯৭৭৫১৩৪৪০১, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৬৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in